

কখন বাদল-ছোঁওয়া লেগে
 মাঠে মাঠে ঢাকে মাটি সবুজ মেঘে মেঘে ॥
 ওই ঘাসের ঘনঘোরে
 ধরণীতল হল শীতল চিকন আভায় ভ'রে—
 ওরা হঠাৎ-গাওয়া গানের মতো এল প্রাণের বেগে ॥
 ওরা যে এই প্রাণের রণে মরুজয়ের সেনা,
 ওদের সাথে আমার প্রাণের প্রথম যুগের চেনা—
 তাই এমন গভীর স্বরে
 আমার আঁখি নিল ডাকি ওদের খেলাঘরে—
 ওদের দোল দেখে আজ প্রাণে আমার দোলা ওঠে জেগে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Desh-Kedara
 Visit www.geetabitan.com for notation and other detail